**পরিশিষ্ট-ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
# (Annual Performance Agreement-APA)

জুলাই ০১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচীপত্র:

উপক্রমনিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রা সমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের মধ্যে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরনের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা

-এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৭ তারিখে এই
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Director (Extension), Department of Livestock Services)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহঃ**

প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ ধারাবাহিকতায় সম্প্রতি বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৫৪% এবং প্রবৃদ্ধির হার ৩.৪০% (বিবিএস, ২০১৮)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান  ১৩.৪৬%। তাছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার  ছিল ৩৯৬২৪.৬০ কোটি টাকা  যা বিগত ২০১৬-১৭ অর্থ বছরের তুলনায় ৩৫৯৮.৪০ কোটি টাকা বেশী (বিবিএস, ২০১৮)। অধিকন্তু ২০১৭-১৮ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৪৮৩.৭৭ কোটি টাকা (ইপিবি, ২০১৭-১৮)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ১৮.০১%, ২৯.২৯% ও ৩০.২৮% বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২১.১৯ গ্রাম/দিন, ১৫৮.১১ মি.লি/দিন ও ৯৫.২৭ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৬১.৫২ | ৭১.৫৪ | ৭২.৬০ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৭২.৭৫ | ৯২.৮৩ | ৯৪.০৬ |
| ডিম (কোটি) | ১১৯১.২৪ | ১৪৯৩.৩১ | ১৫৫২.০০ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ইত্যাদি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ এবং ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের নিমিত্তে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমূখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG এর ৯ টি অভীষ্ট ও ২৮ টি লক্ষমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে যা ২০৩০ সালের SDG  এবং সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**২০১৯ - ২০ অর্থ বছরে প্রধান সম্ভাব্য অর্জনসমূহঃ**

- গবাদিপশুর জাত উন্নয়ন ও সংরক্ষণে ৪৩.০০ লক্ষ মাত্রা সিমেন উৎপাদন করে দেশব্যাপি ৩৮.৫০ লক্ষ গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করা ;
- রোগ প্রতিরোধে  ২৬.০০ কোটি গবাদিপশু-পাখীকে টিকা প্রদান;
- মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন, ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা, ২০১৩ বাস্তবায়নে ৫০০০০ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ২৫০০০ টি উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁস-মুরগির খাদ্য ও অন্যান্য প্রাণিজাত পণ্যের গুনগত মান নিয়ন্ত্রণে ৪০০ টি মোবাইল কোর্ট পরিচালনা;
- জীব নিরাপত্তা ও নিরাপদ প্রানিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী লেভেলে ৬০০ টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ৯০০ টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করা;
- প্রায় ১.০০ কোটি রোগাক্রান্ত গবাদিপশু ও ৮.৫০ কোটি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান;
- মাংস প্রক্রিয়াজাতকারীদের (কসাইদের) দক্ষতা বৃদ্ধির জন্য ১০০০০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা।

## সেকশন ১:

### রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী:

**১.১** রূপকল্প (**Vision**):

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহ করা।

**১.২** অভি**লক্ষ** (**Mission**):

প্রাণিসম্পদের উৎপাদন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদা পুরন।

**১.৩** কৌশলগত উদ্দেশ্যসমূহ (**Strategic Objectives**):

**১.৩.১** অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৩. গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রন
৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা
৫. গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন

**১.৩.২** আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহঃ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৪** কার্যাবলী (**Functions**):

১.৪.১ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রনয়ন, হালনাগাদ করন এবং বাস্তবায়ন
১.৪.২ দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা
১.৪.৩ গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রন
১.৪.৪ গবাদি পশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ
১.৪.৫ গবাদি পশু-পাখির পুষ্টি উন্নয়ন
১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরন ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রন এবং বৈদেশিক মুদ্রা অর্জন
১.৪.৭ গবাদি পশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন
১.৪.৮ গবাদি পশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন
১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন
১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন
১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন


Sfhar

## সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ


(মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৫ | ১.১ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা | ১৫.০০ | ৯৮০৬ | ১৪৮৮৪ | ১৩৪০০ | ১২০৬০ | ১০৭২০ | ৯৩৮০ | ৮০৪০ | ১৫০০০ | ১৫৫০০ |
| | | ১.২ শংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | সংখ্যা | ১০.০০ | ২৯৪৫ | ২৭৫৭ | ৪৪০৮ | ৩৯৬৭ | ৩৫২৬ | ৩০৮৬ | ২৬৪৫ | ৪৫০০ | ৪৬০০ |
| ২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৮ | ২.১ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখির সংখ্যা | সংখ্যা | ৮.০০ | ৩৬৮৭৮৮ | ৫৩০৫১২ | ৫১১০০০ | ৪৫৯৯০০ | ৪০৮৮০০ | ৩৫৭৭০০ | ৩০৬৬০০ | ৫২৫০০০ | ৫৫০০০০ |
| | | ২.২ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | সংখ্যা | ৫.০০ | ১৮৭০৯ | ১৬২৪০ | ২১০০০ | ১৮৯০০ | ১৬৮০০ | ১৪৭০০ | ১২৬০০ | ২১২০০ | ২১৫০০ |
| | | ২.৩ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সংখ্যা | ৫.০০ | ৯৯৬২৮ | ১১৬১৮৭ | ১১০০০০ | ৯৯০০০ | ৮৮০০০ | ৭৭০০০ | ৬৬০০০ | ১২০০০০ | ১২৫০০০ |
| | | ২.৪ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | সংখ্যা | ৪.০০ | ৬৫ | ৬৬ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯২ | ৯৫ |
| | | ২.৫ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৮ | ১০ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১৯ | ২০ |
| | | ২.৬ ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন | ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এর সংখ্যা | সংখ্যা | ২.০০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| | | ২.৭ পোষা প্রাণির চিকিৎসা প্রদান | পোষা প্রাণির চিকিৎসা সংখ্যা | সংখ্যা | ১.০০ | - | - | ১৫ | ১৪ | ১২ | ১১ | ৯ | ১৬ | ১৮ |
| ৩.মানবসম্পদ | ১৭ | ৩.১ প্রশিক্ষণের মাধ্যমে খামারিদের দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণ প্রাপ্ত খামারী | সংখ্যা | ৫.০০ | ১৩৪ | - | ৩১০ | ২৭৯ | ২৪৮ | ২১৭ | ১৮৬ | ৩২০ | ৩৩০ |



| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | | ৩.২ প্রশিক্ষণের মাধ্যমে কসাইদের দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণ প্রাপ্ত কসাই | সংখ্যা | ২.০০ | - | - | ১৪ | ১৩ | ১১ | ১০ | ৮ | ১৬ | ১৮ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৩.০০ | ২৫ | ৪০ | ৫২ | ৪৭ | ৪২ | ৩৬ | ৩১ | ৫৫ | ৬০ |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা | ৩.০০ | ২৩০ | ৪০০ | ৫২৫ | ৪৭৩ | ৪২০ | ৩৬৮ | ৩১৫ | ৫৩০ | ৫৫০ |
| | | ৩.৪ ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | একর | ৪.০০ | ০.৪৮ | ১.৮২ | ৭.৫০ | ৬.৭৫ | ৬.০০ | ৫.২৫ | ৪.৫০ | ৮.০০ | ৮.৫০ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১০.০০ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৪.০০ | ৭০ | ৯০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ১০৫ | ১১০ |
| | | ৪.২ পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | - | ১ | ১ | - | - | - | - | ২ | ৪ |
| | | ৪.৩ গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | - | - | ১ | - | - | - | - | ২ | ৩ |
| | | ৪.৪ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ২.০০ | - | - | ১ | - | - | - | - | ২ | ৩ |

*সাময়িক




# মাঠ পর্যায়ের  কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থ বছরের  বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষনের সময় | জনঘন্টা* | ১ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ |
| কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ  ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে সংগৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারী, ২০১৯ | ১৪ জানুয়ারী, ২০১৯ | ২১ জানুয়ারী, ২০১৯ | ২৮ জানুয়ারী, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যাবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারী, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিস্ট সময়ের মধ্যে  অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | ক্ষ্যমাত্রার মান-২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।



আমি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা এর নিকট অঙ্গীকার করছি যে , এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

**স্বাক্ষরিত:**

ডাঃ এ ,এস ,এম সাদেকুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
সাদুল্লাপুর , গাইবান্ধা ।

তারিখঃ- ১৭/০৬/২০১৯ ইং ।

ডাঃ মোঃ আব্দুস ছামাদ
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গাইবান্ধা ।

তারিখঃ- ১৭/০৬/২০১৯ ইং ।

**সংযোজনী-১**

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্রুরো (Export Promotion Bureau) |
| ৬. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) |
| ৭. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৮. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৯. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ১০. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |
| ১১. | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) |

Sfhon

সংযোজনী -২

# কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ২. | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে প্রাকৃতিক ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে একার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ৩. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৪. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৫. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৬. | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ৭. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নিয়মিত বিভিন্ন রোগের নমুনা সংগ্রহ করে নিকটস্ত এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৮. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্য়ক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ৯. | প্রশিক্ষণের মাধ্যমে খামারীর দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১০. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারন উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |
| ১১. | গবাদিপশু-পাখি পালনে | উঠান বৈঠকে | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় কারিগরী ও | ডি.এল.এস এবং | ডি.এল.এস এর | আধুনিক প্রযুক্তি প্রয়োজন |

Iqbal

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকে অংশ গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ | অংশগ্রহণকারী | প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | বেসরকারি উদ্যোক্তা | বার্ষিক প্রতিবেদন | |
| ১২. | ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |
| ১৩. | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |

**সংযোজনী-৩**

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জনপ্রশাসন মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগ | মৎস্য খাদ্য ও পশূ খাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |